৩০০-৩৩ এর সংযোজনী

ছবি

# রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

## সেচ পাম্পে বিদ্যুৎ সরবরাহের চুক্তি পত্র

এই চুক্তিপত্র অদ্য------------------- দিন ------------------ মাস ------------------------ সাল -------------------

**রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১** (পরবর্তীতে "পিবি এস" হিসাবে অভিহিত হইবে)।

এবং

মিঃ/মিসেস/মেসার্স -------------------------------------------দাগ নং -------------------- মৌজা নং ---------------

ডাকঘর ---------------------------------উপজেলা ------------------------------ জেলা -------------------------

(পরবর্তীতে "গ্রাহক" হিসাবে অভিহিত হইবে) এর মধ্যে সম্পাদিত।

এই চুক্তি পত্রের সহিত সংযুক্ত পরিশিষ্ট- "ক"- এর বর্ণিত স্থানে গ্রাহকের গভীর / অগভীর/লো-লিফট সেচ পাম্পে সর্বোচ্চ ------------------------ কিলোওয়াট ( ------------------ অশ্বশক্তি) বিদ্যুৎ শক্তির ব্যবহার নিম্ন বর্ণিত শর্তাবলী অনুযায়ী পিবিএস এর নিকট হইতে বিদ্যুৎ শক্তি ক্রয় করিবেন এই মর্মে চুক্তিপত্র সম্পাদিত হইল।

১। সার্ভিস বৈশিষ্ট্য ঃ

(ক) বিদ্যুৎ সরবরাহের ধরণ হইবে, অল্টারনেটিং কারেন্ট, ------------------------- ফেজ-----------------------ওয়্যার ৫০ (পঞ্চাশ) সাইকেলস, ------------------------------------- ভোল্ট।

(খ) এই চুক্তি মোতাবেক সরবরাহকৃত বিদ্যুৎ শক্তিকে গ্রাহক কোন অবস্থাতেই অন্য কোন শক্তির সহায়ক বা বিকল্প শক্তি হিসাবে ব্যবহার করিবেন না এবং সরবরাহকৃত বিদ্যুৎ অন্যের নিকট বিক্রয় করিতে পারিবেন না।

২। বিল পরিশোধঃ

(ক) এই চুক্ত মোতাবেক গ্রাহক যে বিদ্যুৎ শক্তি ব্যবহার করিবেন উহা পিবিএস বিদ্যুৎ বিক্রয় রেট সিডিউল (আই) এবং পিবিএস পলিসি নির্দেশিকা ৩০০-৩০ এবং ৩০০-৩৩ এর বিধি বিধান মোতাবেক গ্রাহক নিয়মিতভাবে পিবিএস এর নিকট বিদ্যুৎ বিল পরিশোধ করিবেন। প্রতি বৎসর -----------------------------মাসে হইতে -------------------------মাস পর্যন্ত সেচ মৌসুম হিসাবে সেচ পাম্পে গ্রাহকের বিদ্যুৎ ব্যবহার অথবা উক্ত সেচের জন্য পিবিএস কর্তৃক নির্মিত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা বিদ্যমান থাকার কারণে গ্রাহক নূন্যতম পক্ষে টাঃ ----------------------------------অথবা রেট সিডিউল মোতাবেক প্রকৃত বিদ্যুৎ বিল যাহা বেশী হইবে উহা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

(খ) গ্রাহক কর্তৃক বিদ্যুৎ ব্যবহার শুরুর দিন হইতে প্রথম সেচ মৌসুম শুরুর যে সময় হইতে পিবিএস কর্তৃক বিদ্যুৎ সরবরাহ সুবিধা সংরক্ষণ করা হইবে সেই সময় হইতে প্রথম মাসিক বিলিং পিরিওড শুরু হইবে। মৌসুম শুরুর প্রথম মাসের বিল প্রকৃত বিদ্যুৎ ব্যবহারের উপর করা হইবে। পরবর্তী মাসের বিল ১২৫/- প্রতি অশ্বশক্তি অথবা প্রকৃত বিদ্যুৎ ব্যবহারের বিল যাহা বেশী হইবে উহা পরিশোধ করিতে হইবে। গ্রাহক যদি উল্লেখিত মৌসুমের কোন মাসে বিদ্যুৎ ব্যবহারের তুলনায় ন্যূনতম মাসিক বিলের কারণে অতিরিক্ত অর্থ প্রদান করিয়া থাকেন এবং গ্রাহকের মৌসুমের প্রকৃত বিদ্যুৎ ব্যবহারের বিলের পরিমাণ ন্যূনতম বিলের সমান/অধিক হয় সেই ক্ষেত্রে মাসিক বিলে প্রদত্ত অতিরিক্ত টাকা শেষ বিলের সহিত সমন্বয় করা হইবে। চুক্তিকৃত সেচ মৌসুম শেষ হওয়ার পূর্বে সংযোগ বিচ্ছিন্ন ফি প্রদান পূর্বক সংযোগ বিচ্ছিন্ন হইলেও গ্রাহককে পূর্ণ মৌসুমের ন্যূনতম বিল পরিশোধ করিতে হইবে।

(গ) উপরে উল্লেখিত সেচ মৌসুমের পর গ্রাহক যদি বিদ্যুৎ সংযোগ রাখিতে চাহেন তবে প্রকৃত মিটার রিডিং অথবা সিংগেল ফেজ/থ্রি-ফেজ সংযোগের জন্য প্রতিমাসে টাকা --------------------------------- প্রতি অশ্বশক্তি বিদ্যুৎ বিল যাহা বেশী হইবে উহা পরবর্তী সেচ মৌসুম শুরুর পূর্ব পর্যন্ত পরিশোধ করিতে হইবে। গ্রাহকের প্রয়োজন না থাকিলে সংযোগ বিচ্ছিন্ন ফি টাকা ---------------------------------গ্রাহক প্রদান করিলে পিবিএস সংযোগ বিচ্ছিন্ন করিবে। পুনঃ সংযোগ গ্রহণকালে গ্রাহককে পুনঃ সংযোগ ফি টাকা-----------------------------------------প্রদান করিতে হইবে।

(ঘ) এই চুক্ত মোতাবেক পিবিএস এর সরবরাহকৃত বিদ্যুৎ শক্তির বিল মাসিক ভিত্তিতে পিবিএস এর প্রধান কার্যালয়ে কিংবা পিবিএস এর জেলা অফিস কিংবা বিদ্যুৎ বিল আদায়ের নিমিত্তে পিবিএস কর্তৃক মনোনীত ব্যাংকের নির্দিষ্ট শাখায় গ্রাহক বিদ্যুৎ বিল পরিশোধ করিবেন। বিল ইস্যুর -------------------------------- দিনের মধ্যে এই বিল গ্রাহক পরিশোধ করিবেন। বিদ্যুৎ বিল ইস্যুর ---------------------------- ---- দিনের মধ্যে যদি বিল পরিশোধ না করেন তবে বিলম্ব মাশুল হিসাবে মূল বিলের সহিত ১০% (শতকরা দশভাগ) অতিরিক্ত অর্থ যোগ পূর্বক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে গ্রাহক পরিশোধ করিতে ব্যর্থ হইলে বিল ইস্যুর দিন হইতে ৩১ (একত্রিশ) তম দিবসে পিবিএস কর্তৃক উক্ত বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হইবে। গ্রাহক যদি বিল ইস্যুর ৬০ (ষাট) দিনের মধ্যে ১০% বিলম্ব মাশুলসহ বিল পরিশোধে ব্যর্থ হন তবে পরবর্তীতে বিলের সহিত ১০% এর পরিবর্তে ১৫% বিলম্ব মাশুল সহ বিল পরিশোধ করিতে হইবে। সংযোগ বিচ্ছিন্ন থাকিলেও এই চুক্তি নামার অধীন সকল দায়-দায়িত্ব হইতে গ্রাহক অব্যহতি পাইবেন না।

(ঙ) এই চুক্তি পত্রের যে কোন শর্ত ও বিদ্যুৎ বিক্রয়ের হার (রেট) সংশ্লিষ্ট পবিস পরিচালনা কর্তৃপক্ষ পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষন করেন।

(চ) দলগত সমবায় সমিতি ভিত্তিক পরিচালিত সেচ পাম্পের ক্ষেত্রে ক্ষমতা প্রাপ্ত ম্যানেজার/দলপতি (যিনি এই চুক্তি পত্র স্বাক্ষর করিবেন) চুক্তির সকল শর্ত পূরণ করিতে বাধ্য থাকিবেন। চুক্তিপত্রের সহিত নির্বাচিত ম্যানেজার/দলপতির আইনগত দলিলাদি (সমিতির সকল রেজুলেশন/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন পত্র) সংযুক্ত করিতে হইবে।

(ছ) গ্রাহক এই মর্মে সম্মতি প্রদান করিতেছেন যে, কোন কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হইলে গ্রাহক কর্তৃক পুনঃসংযোগ গৃহিত হোক বা না হোক, গ্রাহকের নিকট পিবিএস কর্তৃক রেট সিডিউল, পবিস নীতিমালা ৩০০-৩০, ৩০০-৩৩ ইলেক্ট্রিসিটি এ্যাক্ট ও ইলেক্ট্রিসিটি রুল (যাহা প্রযোজ্য) অনুযায়ী দাবীকৃত সমুদয় অর্থ গ্রাহক পরিশোধ করিবেন।

৩। **সদস্য পদ ঃ**

(ক) গ্রাহক অবশ্যই পিবিএস এর নিকট সদস্য ফি/বিদ্যুৎ সংযোগ ফি প্রদান করিবেন এবং ইতিপূর্বে সদস্যপদ লাভ না করিলে বিদ্যুৎ সংযোগের পর সদস্য পদ লাভ করিবেন। পিবিএস এর প্রণীত উপ-বিধি এর বিধি-বিধান মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। পিবিএস কর্তৃক কখনো পিবিএস উপ-বিধি এর বিদ্যুৎ সরবরাহ শর্তাবলী, বিদ্যুৎ বিক্রয় হারের পরিবর্তন আনিলে পরবর্তীতে সকল বিষয়াদি গ্রাহক মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

(খ) ব্যক্তি মালিকানাধীন/ম্যানেজার/দলনেতা হিসাবে সেচ পাম্পের চুক্তি প্রত্রের স্বাক্ষরকারীর নামে যদি অন্যান্য সংযোগ থাকে তবে একটি সংযোগের বকেয়ার কারণে সমিতি অন্যান্য সংযোগ বিচ্ছিন্ন করিলে বা পিবিএস যে কোন সিদ্ধান্ত গ্রহন করিলে গ্রাহক কোন আপত্তি করিতে পারিবেন না।

৪। **বিদ্যুৎ সরবরাহের ধারাবহিকতা ঃ**

গ্রাহক যাহাতে সার্বক্ষণিক এবং নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ পাইতে পারেন পিবিএস তাহা বাস্তবায়নে সর্বারকভাবে সক্রিয় থাকিবে, তবে যদি প্রাকৃতিক কারণে, সরকারী নির্দেশ, লোড শেডিং, গণ-শত্রুতা, ধর্মঘট, শ্রমিক আন্দোলন, দুর্ঘটনা, রক্ষনাবেক্ষণ কাজ কর্ম, রাইট অফ ওয়ে অথবা পিবিএস এর নিয়ন্ত্রণ বহির্ভূত ইত্যাদি কারণে বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হইল অথবা ইহার প্রেক্ষিতে গ্রাহকের কোন ক্ষয়ক্ষতি হইলে এই চুক্তিনামা অনুযায়ী পিবিএস দায়ী থাকিবেন না এবং গ্রাহক কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না।

৫। **প্রবেশাধিকার ঃ**

পিবিএস এর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি/কর্মকর্তা/কর্মচারী যে কোন আবশ্যকীয় সময়ে অর্পিত দায়িত্ব পালন কল্পে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ প্রতিষ্ঠানে/চত্বরে প্রবেশ করার অধিকার সংরক্ষণ করেন।

৬। **পিকলোড আওয়ার ঃ**

প্রতিদিন বিকাল-----------ঘটিকা হইতে রাত্রি --------- ঘটিকা পর্যন্ত পিক লোড আওয়ার হিসাবে গণ্য হইবে। এই সময়ে গ্রাহক মিল/কল-কারখানা/ওয়ার্কসপ/পাম্প চালানো বন্ধ রাখিবেন। অন্যথায় গ্রাহকের বিদ্যুৎ সংযোগ পিবিএস স্থায়ীভাবে বিচ্ছিন্ন করিবার ক্ষমতা রাখে। এই সম্পর্কে পিবিএস এর একক সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে গ্রাহক মনিয়া লইবেন।

৭। **পাওয়া ফ্যাক্টর ঃ**

গ্রাহকের সংযোগকৃত ইন্ডাকটিভ লোডের পাওয়ার ফ্যাক্টর একক পাওয়ার ফ্যাক্টরের নিকটবর্তী হইতে হইবে। বিদ্যুৎ সংযোগের পর যদি দেখাযায় গড় পাওয়ার ফ্যাক্টর-----------এর কম হয় তবে সেই ক্ষেত্রে বিদ্যুৎ বিল বিক্রয় রেট সিডিউল মোতাবেক জরিমানা হিসাবে অতিরিক্ত বিদ্যুৎ বিল প্রতিমাসে গ্রাহক পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। যতদিন পর্যন্ত গ্রাহকের সংযোগকৃত ইন্ডাকশন লোডের পাওয়ার ফ্যাক্টর গ্রাহক কর্তৃক সমিতির চাহিদা অনুযায়ী উন্নীত না করিবেন ততদিন পর্যন্ত গ্রাহক এই জরিমানা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

৮। **জামানত ঃ**
বিদ্যুৎ সংযোগ সুবিধা পিবিএস কর্তৃক নির্মাণের ব্যাপরে পিবিএস এর সংশ্লিষ্ট পলিসি নির্দেশিকা মোতাবেক সকল অফেরৎযোগ্য অর্থ গ্রাহক কর্তৃক পিবিএস এর নিকট জমা প্রদানের পর প্রয়োজনীয় নির্মাণ কাজ সম্পন্ন করা হইবে। মৌসুমের নূন্যতম বিলের বিপরীতে পিবিএস কর্তৃক নির্ধারিত জামানত (ফেরতযোগ্য) গ্রাহক পিবিএস এর নিকট জমা প্রদানরে পর পিবিএস বিদ্যুৎ সংযোগ প্রদান করিবে। সেচ মৌসুম শেষে গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে সাময়িকভাবে সংযোগ বিচ্চিন্ন করা হইলে জামানতের টাকা বিদ্যুৎ বিলের বিপরীতে সমন্বয় করা হইবে। সংযোগ বিচ্ছিন্ন করা না হইলে জামানতের টাকা সমন্বয় করা হইবে না।

৯। **গ্রাহকের আবেদনের পরিপ্রেক্ষিতে বিচ্ছিন্ন সংযোগের বিল ঃ**
গ্রাহকের আবেদনের পরিপ্রেক্ষিতে সংযোগ অথবা পুনঃ সংযোগের ১(এক)মাসের মধ্যে সংযোগ বিচ্ছিন্ন করা হইলে মৌসুমের ন্যূনতম বিলের ৫০% অথবা প্রকৃত বিদ্যুৎ বিল যাহা অধিক হইবে, তাহা আদায় করতঃ সমন্বয় করা হইবে। ব্যবহারকাল এক মাসের অধিক হইলে এইরূপ সংযোগ বিচ্ছিন্নের ক্ষেত্রে স্বাভাবিক সংযোগের নিয়মাবলী প্রযোজ্য হইবে।

১০। **উত্তরাধিকার ও দায়দেনা ঃ**
এই চুক্তিনামা উভয় পক্ষের উত্তরাধিকার, আইনগত প্রতিনিধিদের মধ্যে সীমাবদ্ধ থাকিবে এবং সুবিধাদি ভোগ করিবেন। গ্রাহক যে সংযোগের জন্য আবেদন করিতেছেন, এই সংযোগ (মালিকানা যাহারই হউক), বিদ্যুৎ ব্যবহার বা অন্যান্য সেবার জন্য পি.ডি.বি/বি.এ.ডি.সি/বি.আর.ডি.বি/পি.বি.এস বা অন্য কোন কর্তৃপক্ষের কোন প্রাপ্য/বকেয়া থাকিলে তাহা আবেদনকারী গ্রাহকের দেনা বলিয়া পরিগণিত হইবে এবং তিনি তাহা পরিশোধের জন্য বাধ্য বা আবদ্ধ থাকিবেন।

১১। **চুক্তির মেয়াদকাল ঃ**
এই চুক্তিপত্র উপরে উল্লেখিত তারিখ হইতে কার্যকরী হইবে এবং চুক্তিপত্রে বর্ণিত সলক শর্ত প্রতিপালনের পর যে কোন পক্ষ অন্য পক্ষকে ০৩ (তিন) মাসের লিখিত নোটিশের মাধ্যমে চুক্তিপত্র বাতিল করিতে পারিব।

উপরে উল্লেখিত তারিখ, সন মোতাবেক উভয় পক্ষের মধ্যে এই চুক্তি সম্পাদন ও স্বাক্ষর করা হইল।

পক্ষে ------------------------------------------------
সহকারী জেনারেল ম্যানেজার (সদস্য সেবা)/ডিজিএম
**রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১**

------------------------------------------------
(গ্রাহক)

পক্ষে ------------------------------------------------
পদবী ঃ ------------------------------------------------

---------------------- তারিখ অনুষ্ঠিত ----------------তম
পিবিএস বোর্ড সভায় অনুমোদিত হয়।

সত্যায়িতঃ ------------------------------------------------
(সম্পাদক,পিবিএস)

**পরিশিষ্ট "ক"**

# বিদ্যুৎ সংযোগ স্থানের ও লোডের বিবরণ

১। জমির মালিকের নাম ঃ ------------------------------------------------------------

পিতার/স্বামীর নাম ঃ ------------------------------------------------------------

(ক) জমির পরিমান ঃ------------------------------ (খ) দাগ নং ঃ ------------------------------

(গ) খতিয়ান নং ঃ------------------------------ (ঘ) মৌজা ঃ ------------------------------

(ঙ) উপজেলা ঃ------------------------------ (চ) জেলা ঃ------------------------------

২। সংযোগ গ্রহণকারীর নামঃ ------------------------------------------------------------

পিতা/স্বামীর নাম ঃ ------------------------------------------------------------

বয়ষ ঃ------------------------------ জন্ম তারিখ ঃ ------------------------------

**স্থায়ী ঠিকানা ঃ**

গ্রাম ঃ ------------------------------ডাকঘর ঃ ------------------------------

উপজেলা ঃ------------------------------ জেলা ঃ ------------------------------

৩। জমির মালিকের সহিত সংযোগ গ্রহণকারীর সম্পর্ক ঃ ------------------------------

**(জমির মালিক ও সংযোগ গ্রহণকারী এক ব্যক্তি না হইলে উভয়ের মধ্যেই সম্পাদিত চুক্তিপত্র সংযুক্ত করিতে হইবে)।**

৪। লোডের ধরন ঃ ------------------------------

লোডের বিবরণ ঃ-

(ক) লাইট পয়েন্ট ঃ ------------------------------ টি, মোট ঃ ------------------------------ কিঃ ওয়াট।

(খ) ফ্যান পয়েন্ট ঃ ------------------------------ টি, মোট ঃ ------------------------------ কিঃ ওয়াট।

(গ) টু-পিন পয়েন্ট ঃ ------------------------------ টি, মোট ঃ ------------------------------ কিঃ ওয়াট।

(ঘ) থ্রি- পন পয়েন্ট ঃ ------------------------------ টি, মোট ঃ ------------------------------ কিঃ ওয়াট।

(ঙ) মটর ঃ --------------------অশ্বশক্তি ঃ-------------------- টি, মোট ঃ ------------------------------ কিঃ ওয়াট।

(চ) মটর ঃ --------------------অশ্বশক্তি ঃ-------------------- টি, মোট ঃ ------------------------------ কিঃ ওয়াট।

(ছ) মটর ঃ --------------------অশ্বশক্তি ঃ-------------------- টি, মোট ঃ ------------------------------ কিঃ ওয়াট।

(জ) ------------------------------------------------------------

(ঝ) ------------------------------------------------------------

সর্বমোট------------------------------------------------------------কিঃ ওয়াট।

(কথায় ঃ ------------------------------------------------------------)

------------------------------

গ্রাহকের স্বাক্ষর

স্মারক নং-বপবিস-১/৪০০.৪০/২০১১/২৯৮০, তাং- ০৮/০৯/২০১১ ইং, সরবরাহকারী : মদিনা কালার স্ক্যান